

১৯ আগস্ট ১৪২৬

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮২.২০১৭-৬৯৮

তারিখঃ

০৪.১২.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা (১১২৯৪৩), সহকারী অধ্যাপক (চঃ দাঃ), সার্জারী, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ ২০১৬ সালের বার্ষিক গোপনীয় অনুবেদনে (এসিআর) অনুবেদনকারী প্রদানকারী ডাঃ গোবিন্দ চন্দ্র সাহা, অধ্যাপক (সার্জারী), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকার প্রাক্তন বিভাগীয় প্রধান, সার্জারী শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ এবং এসিআর ফরমের প্রতিস্বাক্ষরে অধ্যক্ষ, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ এর স্বাক্ষর জাল করে নিজেই নম্বর প্রদান করে স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করেছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' (বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক 'অসদাচরণ') এর দায়ে ১৮.১০.২০১৭ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮২.২০১৭-৪৪২ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা (১১২৯৪৩) ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা (১১২৯৪৩), সহকারী অধ্যাপক (চঃ দাঃ), সার্জারী, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালা ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০১(এক) বছরের জন্য স্থগিত করার লঘু দণ্ড আরোপ করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ আবদুল ইসলাম)
সচিব

তারিখঃ ০৪.১২.২০১৯

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮২.২০১৭-৬৯৮/১(১৩)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। অধ্যক্ষ, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ।
- ৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।
- ৪। উপসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। ডাঃ মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা (১১২৯৪৩), সহকারী অধ্যাপক(চঃ দাঃ), সার্জারী, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ
- ১৩। অফিস কপি।


মোঃ আবদুল ইসলাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd